

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)  
১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

বিষয়: মহান বিজয় দিবস, ২০১৯ উদযাপন উপলক্ষে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিসিকে গঠিত দোয়া কমিটির সভার কার্যবিবরণী।

আহ্বায়ক	:	জনাব মো: খলিলুর রহমান পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ), বিসিক
সভার তারিখ	:	০৮-১২-২০১৯ খ্রি:
সময়	:	বিকাল-৪.০০ টা
সভার স্থান	:	পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ) এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবি	কমিটিতে অবস্থান
০১.	জনাব মোস্তাক আহমেদ	সচিব, বিসিক	সদস্য সচিব
০২.	জনাব মো: মনিরুল হক ভূঁইয়া	উপমহাব্যবস্থাপক(ভা:), এমআইএস বিভাগ, বিসিক	সদস্য
০৩.	জনাব আ.না.ম. মুজিবুর রৌফ	উপমহাব্যবস্থাপক (ভা:), প্রশাসন বিভাগ, বিসিক	সদস্য
০৪.	জনাব শিখা রায়	ব্যবস্থাপক (ভা:), প্রশাসন বিভাগ, বিসিক	-
০৫।	জনাব মো: নজির আহমদ ভূঁইয়া	সভাপতি, বিসিক শ্রমিক কর্মচারী ইউনিয়ন কেন্দ্রীয় কমিটি	সদস্য

আহ্বায়ক সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান মহান বিজয় দিবস, ২০১৯ উদযাপন উপলক্ষে ১৫-১২-২০১৯ তারিখ বাদ যোহর বিসিক মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা হবে। বিসিক প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, ঢাকা এবং শিসকে, বিসিক, ঢাকা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে দোয়া মাহফিলে উপস্থিতি নিশ্চিত করতে সভায় অনুরোধ জানানো হয়। বিসিক মসজিদের ইমাম সাহেব কর্তৃক দোয়া মাহফিল পরিচালনা করা এবং মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য দোয়া করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

সিদ্ধান্ত-

০১.	বিসিক প্রধান কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, ঢাকা এবং শিসকে, বিসিক, ঢাকা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে দোয়া মাহফিলে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়;
০২.	জনাব মো: মনিরুল হক ভূঁইয়া, ডি জি এম (ভা:), এমআইএস বিভাগ বিসিক প্রধান কার্যালয়ের মসজিদের ইমাম সাহেবের উপস্থিতি এবং দোয়া পরিচালনা করার বিষয়টি নিশ্চিত করবেন;
০৩.	১৫-১২-২০১৯ তারিখ বাদ যোহর বিসিক মসজিদে মহান মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী সকল নেতা, মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সু-স্বাস্থ্য এবং জাতির শান্তি-সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষে মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের দীর্ঘায়ু কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে আহ্বায়ক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/১০-১২-১৯  
(মো: খলিলুর রহমান)  
পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ), বিসিক



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

Website: www.bscic.gov.bd, E-mail: info@bscic.gov.bd

নং- ৩৬.০২.০০০০.০০৩.২৩.০০২.১৯/ ২০১৬

তারিখ: ২০ অগ্রহায়ন ১৪২৬  
১০ ডিসেম্বর ২০১৯

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (সকল), বিসিক, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। মহাব্যবস্থাপক (সকল), বিসিক, ঢাকা।
- ০৩। প্রধান প্রকৌশলী, পুরকৌশল বিভাগ, বিসিক, ঢাকা।
- ০৪। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।
- ০৫। আঞ্চলিক পরিচালক, বিসিক, ঢাকা।
- ০৬। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকা।
- ০৭। প্রধান নকশাবিদ, নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা।
- ০৮। উপমহাব্যবস্থাপক, কর্মব্যবস্থাপনা শাখা, প্রশাসন বিভাগ, বিসিক, ঢাকা।
- ০৯। উপমহাব্যবস্থাপক, শিসকে, বিসিক, ঢাকা।
- ১০। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। সভাপতি, বিসিক শ্রমিক কর্মচারী ইউনিয়ন কেন্দ্রীয় কমিটি।
- ১৩। সচিব-এর ব্যক্তিগত সহকারী, বিসিক, ঢাকা।

(মোস্তাক আহমেদ)  
সচিব  
বিসিক, ঢাকা  
ফোন নং-৯৫৫৩৪৯০  
(৫৫)